

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১০৮.২০১৪-১১৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭
২৩ ফেব্রুয়ারি ২০২১


বিষয়: “বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০০.০০০০.৩৪৬.১৪.০১৫(অংশ-১).০৯; তারিখ: ২৬/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি গত ০৭/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠন করা হয়েছে, যা এ সাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত মোট ৫০৭.১০ কোটি (পাঁচশত সাত কোটি দশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৫ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত “বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি ১৫ (পনের) কপি।


(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৮০১২
planning1.lgd@gmail.com

সদস্য

কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।